মুজিবনগরে এসএসসি পরীক্ষা দিচ্ছে ১৩৯০ জন।

মুজিবনগরে মোট কেন্দ্র ২টি ।
১টি মুজিবননগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়, আরেকটি দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়

মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে পরিক্ষা দিচ্ছে ৮১১ জন।
মোট পরিক্ষার্থী ৮১৪ জন। অনুপস্থিত ৩ জন

দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় কেদ্ন্রে ৪৪৭ জন পরিক্ষার্থীর মধ্যে উপস্থিত ৪৪৭ জন

এছাড়া ভোকেশনাল শাখায় ১৫৩ জন পরিক্ষার্থীর মধ্যে ১৩২ জন উপস্থীত।অনুপস্থিত ২১ জন

গাংনীতে সিসি ক্যামেরায় এসএসসি পরীক্ষা

মেহেরপুরের গাংনী উপজেলায় এবার সিসি ক্যামেরায় আওতায় হচ্ছে এসএসসি ও সমমান পরীক্ষা। আজ সোমবার থেকে শুরু হওয়া এ পরীক্ষায় এসএসসি, ভকেশনাল ও দাখিল মোট ১৩টি কেন্দ্র এসএসসি, ভকেশনাল ও দাখিল পরীক্ষার্থী রয়েছে ৪৭৭৫ জন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান পরীক্ষা প্রথম দিনে উপজেলার বেশ কয়েকটি কেন্দ্র পরিদর্শন করেন। এসময় তিনি বলেন, নকলমুক্ত পরিবেশ নিশ্চিত ও প্রশ্নপত্র ফাঁস ঠেকাবে এই সিসি ক্যামেরা।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে ঢেউটিন প্রদান

মেহেরপুর পৌরসভার ০২ নাম্বার ওয়ার্ডের অসহায় মানুষের মাঝে গৃহ নির্মাণের জন্য ঢেউটিন প্রদান করেন পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

শনিবার দুপুরে পৌরসভায় তাদের হাতে এই টিন তুলে দেওয়া হয়৷

এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, নুরুল আশরাফ রাজীব, জাফর ইকবাল প্রমুখ ।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে ১ম উন্মুক্ত দ্বৈত ব্যাডমিন্টন টুর্নামেন্ট শেষে পুরস্কার বিতরণ

মেহেরপুরের মুজিবনগরে ২দিন ব্যাপি উপজেলা ভিত্তিক ১ম উন্মুক্ত দ্বৈত ব্যাডমিন্টন টুর্নামেন্ট শেষে পুরস্কার বিতরণ করা হয়েছে।

মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার ব্যাডমিন্টন ক্লাবের আয়োজনে সাব রেজিষ্ট্রি অফিস কোর্টে এ খেলা অনুষ্ঠিত হয়।
২দিন ব্যাপি উপজেলা ভিত্তিক ১ম উন্মুক্ত দ্বৈত ব্যাডমিন্টন টুর্নামেন্টে মুজিবনগর উপজেলার বিভিন্ন ব্যাডমিন্টন ক্লাবের ১৬ টি দল অংশগ্রহন করে।

খেলায় দারিয়াপুর লিচুতলা ব্যাডমিন্টন ক্লাব ও দারিয়াপুর স্কুল

ব্যাডমিন্টন ক্লাব ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে। ফাইনাল খেলায় দারিয়াপুর স্কুল ব্যাডমিন্টন ক্লাব, দারিয়াপুর লিচুতলা ব্যাডমিন্টন ক্লাবকে ২-১ গেমে এ পরাজিত করে ২দিন ব্যাপি উপজেলা ভিত্তিক ১ম উন্মুক্ত দ্বৈত ব্যাডমিন্টন টুর্নামেন্ট চাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে কেদারগন্জ বাজার ব্যাডমিন্টন ক্লাবের সভাপতি কুতুবউদ্দীন মল্লিকের সভাপতিত্বে মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, ক্লাবের সাধারণ সম্পাদক আবু শাহিন সাগর এছাড়া গোলাম মাষ্টার, আব্দুল মান্নান, খোকন মোশারফ,সহ এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

খেলায় বিজয়ী দলকে ৩হাজার টাকা ও ট্রফি ও বিজিত দলকে ২ হাজার টাকা ও ট্রফি প্রদান করা হয়।খেলা পরিচালনা করেন জহুরুল ইসলাম মাষ্টার ও জুলফিক্কার আলী। সহযোগীতায় ছিলেন তুষার,ওয়াসিম,মতিউর রহমান,সাগর,সজিব,সুলাইমান।

গাংনীতে মেসডা’র শুভেচ্ছা বিনিময় ও ক্যালেন্ডার বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার সরকারি কর্মকর্তা কর্মচারি রাজনৈতিক ব্যাক্তিবর্গ ও জনপ্রতিনিধিদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট এসোসিয়েশন(মেসডা) এর সদস্যবৃন্দরা।

রবিবার সারাদিন মেসডা এর সদস্যরা সৌজন্য সাক্ষাত করে উক্ত ছাত্রসংগঠনের বিভিন্ন উন্নয়নমুলক কর্মকান্ডে অংশগ্রহনের চিত্র তুলে ধরেন এবং সংগঠনের পক্ষ থেকে ক্যালেন্ডার বিতরণ করেন।

মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট এসোসিয়েশনের(মেসডা) মেহেরপুর জেলার বিভিন্ন স্কুল কলেজ প্রতিষ্ঠান স্কুল প্রোগ্রামের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের ক্যারিয়ার সচেতন বিষয়ক বিভিন্ন পরামর্শ ও

অনুপ্রেরণা প্রদান করে।

প্রথমে গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সাথে সাক্ষাত শেষে বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। একই সাথে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিনের সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

মেসডা সংগঠনটি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া শিক্ষার্থীদের নিয়ে ২০০৮ সালে প্রতিষ্ঠিত হয়ে এপর্যন্ত সুনামের সাথে তাদের কর্মকান্ড চালিয়ে আসছে। তারই ধারাবাহিকতায় গাংনী উেপেজলায় নববর্ষের শুভেচ্ছা বিনিময় ও ক্যালেন্ডার বিতরণ করেন।

মেপ্র/ইএম

৪৩ হাজার পরীক্ষার্থীর উপর নজর রাখবে ১৪৭টি সিসি ক্যামেরা

প্রথমবারের মতো মেহেরপুরের গাংনী উপজেলার এসএসসি পরীক্ষার্থীদের উপর শিক্ষকদের পাশা পাশি সিসি ক্যামেরার মাধ্যমে নজর রাখা হবে।

পরীক্ষা শতভাগ সুষ্ঠ নকলমুক্ত করার লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

তিনি জানান, উপজেলার মোট ১৩টি কেন্দ্র এর মধ্যে ৯টি মূল কেন্দ্র ও ৪টি উপকেন্দ্র রয়েছে। সবগুলো কেন্দ্র মোট পরীক্ষার্থী ৪২ হাজার ৭শ’৩৫জনের উপর ১শ’৪৭টি সিসি ক্যামেরার মাধ্যমে নজর রাখা হবে।

নির্বাহী কর্মকর্তা বলেন, আমার অফিস কক্ষের পাশেই একটি কন্ট্রোল রুম করা হয়েছে যেখানে ১৩জন আইটি এক্সপার্ট সার্বক্ষনিক থাকবেন। তাছাড়া আমার মোবাইল দিয়েও কেন্দ্রগুলো পর্যবেক্ষন করব।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন খরচের বিষয়টি এই মুহুর্তে বলা সম্ভব হচ্ছেনা কারণ কোটেশনের মাধ্যমে তিনজনকে দ্বায়িত্ব দেওয়া হয়েছে

তারা এখনও বিলটি সাবমিট করেনি। পরবর্তি সময়ে বলা যাবে।

পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যাওয়ার বিষয়ে তিনি বলেন, তেমন কোন গুরুত্বপূর্ণ ঘটনা না ঘটলে অফিস থেকেই পরিদর্শন করা সম্ভভ হবে।

মেপ্র/ইএম

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধের জেরে সংঘর্ষে আহত-২

মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ সৃষ্টি হয়। এতে ঐ গ্রামের আঃ জব্বার ও আবদুস সালাম মারাত্মক আহত হয় বলে অভিযোগ করেছে আঃ জব্বারের স্ত্রী মোছাঃ শাহিদা খাতুন।

এ বিষয়ে শনিবার গাংনী থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন মোছাঃ শাহিদা খাতুন।

অভিযোগ সুত্রে জানা যায়, গত বৃহস্পতিবার (২৯-০১-২০২০ ইং) দুপুর আড়াইটার দিকে জব্বার ও সালাম বেগুনের ক্ষেতে বেগুন তুলতে গেলে ঐ গ্রামের মৃত সুন্নত আলির ছেলে মোঃ হাফিজুর রহমান, মোঃ আখের আলী, মোঃ ইয়াদ আলী, মোঃ হাফিজুর রহমানের ছেলে কনক আলী, মৃত শরিয়ত বিশ্বাসের ছেলে মোহাম্মদ আলী মৃত হৈফত বিশ্বাসের ছেলে ছহিরুদ্দিন বিশ্বাস মিলে বেগুনের ক্ষেতে যাওয়ার পথে গতি রোধ করে অভিযোগকারি শাহিদু খাতুনের স্বামী আঃ জব্বার ও দেবর আব্দুস সালামের উপর অতর্কিত হামলা করে। এতে তারা মাথা, ঘাড়ে শরীরে বিভিন্ন স্থানে মারাত্মক আঘাত পায়।

পরে স্থানীয় ও পরিবারের লোকজন আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে এলে কর্তব্যরত ডাক্তার ভর্তির পরামর্শ দেন।

জানতে চাইলে গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, মারামারির ঘটনায় উভয় পক্ষের লোকজন থানায় অভিযোগ দিয়েছে। এক পক্ষের মামলা

হয়েছে তবে আরেকটি পক্ষ যাদের নামে অভিযোগ দিয়েছে তাদের উপস্থিতি না পাওয়াই মামলা নেওয়া হয়নি তবে প্রকৃত যারা জড়িত তাদের নামে অভিযোগ দিলে মামলা নেওয়া হবে।

মেহেরপুরে দুই ঘন্টার ব্যবধানে আবারো সড়ক দুর্ঘটনায় ২ জন আহত

দুই ঘণ্টার ব্যবধানে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের একটি সড়ক দুর্ঘটনায় সোহেল ও শোভন নামের দুই ব্যক্তি মারাত্মক আহত হয়েছে।

আহত সোহেল মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের আজমত আলী ছেলে এবং শোভন চুয়াডাঙ্গার খাদিমপুর গ্রামের হাবলু বিশ্বাসের ছেলে।

রবিবার রাত সাড়ে ৮ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের চাঁদবিল নামক স্থানে এ ঘটনা ঘটে।
জানোগছে, চাঁদবিল গ্রামের সোহেল সাইকেল বাড়ি ফিরছিল একই সময়ে শোভন মোটরসাইকেল নিয়ে মেহেরপুর থেকে চুয়াডাঙ্গা যাবার পথে সাইকেল আরোহীর সোহেলকে ধাক্কা মারে। এতে দুজনের হতে হয়। আহত দুজনকে মেহেরপুর জেনারেল হাসপাতাল ভর্তি করার পর সোহেলকে রাজশাহী এবং শোভন কে চুয়াডাঙ্গা রেফার্ড করা হয়েছে। আহত সোহেলের অবস্থা আশঙ্কাজনক বলে কর্তব্যরত চিকিৎসক জানান।

মাত্র ২ ঘণ্টা আগে একই সড়কের আহমেদ আলী টেকিনিক্যাল কলেজের কাছে অপর এক সড়ক দুর্ঘটনায় মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিল তহিদুল ইসলাম বাবলুর ছেলে সাগর নিহত এবং কাউন্সিল তহিদুল ইসলাম বাবলুসহ আহত হয়েছে ৩ জন।

এছাড়াও আজ সাড়ে ১১ টার দিকে মেহেরপুরের বামন পাড়ার মোড়ে মোটরসাইকেল ও ভ্যান মুখোমুখি মুখোমুখি সংঘর্ষে দুই জন আহত হয়েছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ডিপ্লোমা প্রকৌশলীর মৃত্যু, বাবাসহ ৩ জন আহত

মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের আহমেদ আলী টেকনিক্যাল কলেজ সংলগ্ন স্থানে সড়ক দুর্ঘটনায় সালাউদ্দিন সাগর নামের এক ডিপ্লোমা প্রকৌশলীর মৃত্যু হয়েছে।

রবিবার সন্ধ্যার দিকে এ দুর্ঘটনার ঘটনা ঘটে।

একই ঘটনায় নিহতের পিতা মেহেরপুর পৌর সভার ৮ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর তৌহিদুল ইসলাম বাবলু সহ আরো ৩ জন গুরতর আহত হয়েছেন।

বাকি আহতরা হলো সদর উপজেলার গোভিপুর গ্রামের ভনার ছেলে হাসান ও নজরুলের ছেলে সুমন। আহতদের মধ্যে বাবুল ও সুমনের অবস্থা আশংকা জনক রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় তৌহিদুল ইসলাম বাবলু তার ছেলে সাগরকে নিয়ে মোটরসাইকেল যোগে নিজ ক্ষেত থেকে বাড়ি ফিরছিলেন। এসময় ক্ষেত থেকে প্রধান সড়কে উঠার সময় পেছন দিক থেকে দ্রুতগামী একটি মোটরসাইকেল ধাক্কা দেয়। এতে দুই মোটরসাইকেল চারজন আহত হয়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সাবেক কাউন্সিলর তৌহিদুল ইসলাম বাবলুর ছেলে ডিপ্লোমা প্রকৌশলী সালাহউদ্দিন সাগরের মৃত্যু হয়।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান ঘটনার সত্যাতা স্বীকার করেছেন।

মেপ্র/ইএম

মেহেরপুরে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে প্রস্তুতি সভা

ছয়দিন ব্যাপি বইমেলাসহ এবার মেহেরপুরের শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে ব্যাপক কর্মসূচি নেয়া হয়েছে।

রবিবার বলা ১১টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়।

জেলা প্রশাসক মো. আতাউল গনির সভাপতিত্বে অন্যান্যর মধ্যে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত পুলিশ সুপার জাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তৌফিকুর রহমান, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, জেলা আ’লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম, পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু প্রমুখ।

প্রস্তুতিসভায় ড. শহীদ সামসুজ্জোহা পার্কে ১৬-২১ ফেব্রুয়ারি পর্যন্ত বই মেলা, ভাষা সংগ্রামীদের সংবর্ধণা, আলোচনাসভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও র্যালীসহ একুশের প্রথম প্রহরে শহীদ ড. সামসুজ্জোহা পার্কে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সুর্যোদয়ের সাথে সাথে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসহ সকল প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন, প্রভাতফেরি, চিত্রাংকন, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে প্রার্থনার আয়োজন করা হবে । সভায় সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম